



## অনন্য প্রেম

□ সুকান্ত দাস

প্রেম মানে নয় শুধু মনের মিলন,  
প্রেম মানে হয় আবার একে অন্যের প্রয়োজন।  
প্রেম মানে নয় শুধু ভালোবাসি এই কথাটি বলা,  
প্রেম মানে হয় আবার দুইজন একসাথে সারাজীবন পথ চলা।  
প্রেম মানে নয় শুধু কল্পনায় বেঁচে থাকা,  
প্রেম মানে হয় আবার বাস্তবতার পা রাখা,  
প্রেম মানে নয় মুখু মতের অমিল,  
প্রেম মানে হয় আবার ভালো-মন্দের মিল।  
প্রেম মানে নয় শুধু সত্য মিথ্যা যাচাই,  
প্রেম মানে হয় আবার অনেক ভালো আচার।  
প্রেম মানে নয় শুধু অন্ধকারে রাত জাগা,  
প্রেম মানে হয় আবার ভেরে মধুর হাওয়া লাগা,  
প্রেম মানে নয় শুধু অপেক্ষায় দিন গোনা।  
প্রেম মানে হয় আবার নতুন নতুন স্বপ্ন বোনা,  
প্রেম মানে নয় শুধু বিয়ের মধ্যে সমাপ্তি,  
প্রেম মানে হয় আবার শপথ করা দুইজন একসাথে—  
হব অস্তিম যাত্রী।